গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৪. ৭৬৯

তারিখ : ২০ আষাঢ়, ১৪৩১
০৪ জুলাই, ২০২৪

## সভার নোটিশ

বিষয় : উপজেলা পরিষদ প্রথম সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জুলাই ২০২৪ তারিখ রবিবার বেলা ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ এ নবনির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব কে এম মহিবুল হক খোকন, নাগেশ্বরী, কুড়িগ্রামের সভাপতিত্বে প্রথম উপজেলা পরিষদ সভা অনুষ্ঠিত হবে।

২। আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৪/০৭/২৪
(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
টেলিফোন: ০২৫৮৮৮৭৭৮০১
মোবাইল: ০১৭৭৪৪৩৪২৫৫
ই-মেইল: unonageswari@mopa.gov.bd

জনাব..........................................................................
..................................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-
১. মাননীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৫. অফিস কপি।

## উপজেলা পরিষদ প্রথম সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

### তারিখ-০৭/০৭/২০২৪

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪. | মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৫. | ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01796388567 | |
| ৬. | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01710726571 | |
| ৭. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01774630031 | |
| ৮. | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01716437644 | |
| ৯. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01737-358165 | |
| ১০. | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01769459758 | |
| ১১. | অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01320-133464 | |
| ১২. | অফিসার ইনচার্জ, কচাকাটা থানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01320133646 | |
| ১৩. | উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01716928678 | |
| ১৪. | উপজেলা সমাজসেবা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01712035215 | |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01712035215 | |
| ১৬. | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01722061195 | |
| ১৭. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01752-266664 | |
| ১৮. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১৯. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01718934148 | |

<u>উপজেলা পরিষদ প্রথম সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

<u>তারিখ-০৭/০৭/২০২৪</u>

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২১. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01710593368 | |
| ২২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01716654170 | |
| ২৩. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01737695885 | |
| ২৪. | ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01718673087 | |
| ২৫. | চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01774964290 | |
| ২৬. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৭. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৮. | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৯. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01719859420 | 07.07.24 |
| ৩০. | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩১. | চেয়ারম্যান, হাসনাবাদ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01714230671 | 7/7/24 |
| ৩২. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01713773208 | 07/7/24 |
| ৩৩. | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩৪. | চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | 07/07/24 |
| ৩৫. | চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01746295576 | 07/7/24 |
| ৪২. | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01730839920 | 07/07/24 |
| ৪৩. | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01751367666 | 7-7-24 |
| ৪৪. | চেয়ারম্যান, কচাকাটা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01734969064 | |
| ৪৫. | সহকারী প্রকৌ: [illegible] নাগেশ্বরী | 01750974133 | |

## উপজেলা পরিষদ প্রথম সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

### তারিখ-০৭/০৭/২০২৪

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৪৫. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৬. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৭. | [illegible] আতিকুর রহমান MP মহোদয়ের প্রতিনিধি | ০১৭১৭১৬৭২০৯ | [signature] |
| ৪৮. | | | |
| ৪৯. | | | |
| ৫০ | | | |
| ৫১ | | | |

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম

# উপজেলা পরিষদের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : কে এম মহিবুল হক খোকন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
তারিখ : ০৭ জুলাই ২০২৪
সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার ৬ষ্ঠ উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানকে অভিনন্দন জানান। অতঃপর সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনান্তে উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের বিষয় সমূহ নিয়ে আলোচনা শুরু করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

আলোচনা ও সিদ্ধান্তঃ

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। মাদকের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে কঠোর হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নাগেশ্বরী পৌরসভা |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, যে সকল গরীব অসহায় সিজারিয়ান রোগী টাকার জন্য সিজার করতে পারছেনা তাদের বিনামুল্যে সিজার করা হবে। বর্তমানে অত্র হাসপাতালে ইসিজি চালু করা হয়েছে কিছু দিনের মধ্যে এক্সরে মেশিন চালু করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | গরীব অসহায় সিজারিয়ান রোগীর বিনামূল্যে অপারেশনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বর্তমান বন্যায় ২৫০ হেক্টর ফসলি জমি প্লাবিত হয়েছে। ক্ষতিগ্রস্থ কৃষকদের প্রণোদনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। অতপরঃ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক্ষতিগ্রস্থ কৃষক সঠিকভাবে যাচাই-বাছাই করে প্রণোদনা প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, সাম্প্রতিক বন্যায় মৎস্যচাষীগণের পুকুর প্লাবিত হওয়ায় প্রায় ৫২ লক্ষ টাকা ক্ষতি হয়েছে। এ ধরণের ক্ষয়ক্ষতি রোধে তিনি বন্যা কবলিত এলাকার পুকুর সমূহের পাড় উচুঁকরণের পরামর্শ প্রদান করেন। মৎস্য বিভাগ কর্তৃক মৎস্যচাষীগণকে বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করা হয়ে থাকে। কিছু উম্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য সভায় অনুরোধ করেন। | ক্ষতিগ্রস্থ মৎস্যচাষী সঠিকভাবে যাচাই-বাছাই করে প্রণোদনা প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ছাগল-ভেড়ার বিনামূল্যে টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান উপজেলার বিভিন্ন ইউনিয়নে উন্নয়নমূলক কাজ চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, এ উপজেলায় ১৯৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। সাম্প্রতিক বন্যায় ৫৪টি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। বন্যা পরিস্থিতি স্বাভাবিক হলে পাঠদান কার্যক্রম শুরু হবে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলা বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা বরাদ্দ বন্টন অনুযায়ী সুবিধাভোগীর তালিকা মোতাবেক পেরোল প্রেরণ করা হয়েছে। সকল সুবিধাভোগীর মোবাইল ব্যাংকিং মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হয়েছে। যাদের মোবাইল ব্যাংকিং নম্বর সমস্যা আছে তারা জাতীয় পরিচয়পত্র ও মোবাইল ব্যাংকিং নম্বরসহ অফিসে যোগাযোগ করলে তা সমাধান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, চলতি অর্থবছরে পর্যায়ের টিআর, কাবিটা ও কাবিখা প্রকল্পের কাজ চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানান। | প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত শেষ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সহকারী প্রোগ্রামার জানান, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বদলী ও নতুন কর্মকর্তা কর্মচারী যোগদান করেছেন কিন্তু ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি। যেসকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য অনুরোধ করেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করা হবে। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। গরীব অসহায় প্রসূতি মায়েদের মাতৃত্বকালীন ভাতা কার্যক্রম চলমান আছে। ইউনিয়ন হতে পূর্ণাঙ্গ তালিকা যথাসময়ে প্রেরণের জন্য সভায় অনুরোধ করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | মাতৃত্বকালীন ভাতা কার্যক্রমের সুবিধাভোগীর প্রাপ্যতা যাচাই সাপেক্ষে তালিকা চূড়ান্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৭। কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস | সহকারী জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান জ্বালানী সংকট জনিত কারণে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। বকেয়া আদায়ের লক্ষ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি,জি,এম কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮। উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রম ও ঋণ প্রদান এবং আদায় কার্যক্রম চলমান আছে। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৯। উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া ০৬ নং সন্তোষপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ শূন্য হওয়ায় উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ভোটকেন্দ্র সমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ২২। উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) | সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ। | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিয়ম বহির্ভূত ভাবে কেউ যাতে সেচ পাম্পের অনুমতি না পায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্টেশন অফিসার |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, কিছু দিনের মধ্যে অর্থনৈতিক শুমারি ২০২৩ এর লিস্টিং কার্যক্রম চলমান আছে। বর্ণিত জরিপ কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | অর্থনৈতিক শুমারি ২০২৩ সংক্রান্ত কার্যক্রম স্থায়ী শুমারি/জরিপ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। স্থায়ী শুমারি/জরিপ কমিটি সদস্য (সকল)<br>২। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জানান। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |

<table>
<tr><th>আলোচ্যসূচি/ প্রস্তাবকারী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২১। বিবিধ আলোচনা</td><td>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের পঞ্চ-বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনার তথ্য, পরিকল্পনা ও বাজেট বই ২০২৪-২০২৫ অর্থবছর থেকে ২০২৮-২০২৯ অর্থবছর পর্যন্ত প্রণয়নের জন্য কমিটি ও টেকনিক্যাল গ্রুপ কমিটি গঠন বিষয়ে একটি খসড়া কমিটি সভায় উপস্থাপন করেন। পঞ্চ-বার্ষিক পরিকল্পনা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপস্থাপিত খসড়া কমিটি চূড়ান্তভাবে অনুমোদন করা হয়। চূড়ান্ত অনুমোদিত এই কমিটির সদস্যগণের সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে খসড়া পঞ্চ-বার্ষিক পরিকল্পনা প্রনয়নের জন্য উপজেলা পরিষদের পক্ষ হতে অনুরোধ করা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিভাগ সমুহ এবং ইউনিয়ন পরিষদ সমুহকে সরবরাহকৃত ছকে তথ্য প্রদান পূর্বক প্রয়োজনীয় সহায়তার জন্য বিভাগীয় কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>কমিটি:
<table>
<tr><th>ক্র:নং</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>১.</td><td>মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫, কুড়িগ্রাম-১</td><td>উপদেষ্টা</td></tr>
<tr><td>২.</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ</td><td>উপদেষ্টা</td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা প্রকৌশলী</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৫.</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>৮.</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>৯.</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০.</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১.</td><td>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২.</td><td>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ</td><td>সদস্য</td></tr>
</table>
টেকনিক্যাল গ্রুপ কমিটি:
<table>
<tr><th>ক্র:নং</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি)</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউজিডিপি-এলজিডি)</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৩.</td><td>সহকারী প্রোগ্রামার (আইসিটি)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>সিএ, উপজেলা পরিষদ</td><td>সদস্য</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ হতে ২০২৮-২০২৯ অর্থ বছর পর্যন্ত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুতের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট কমিটি</td></tr>
</table>

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কে এম মহিবুল হক খোকন)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৪-

তারিখ : ——————— ১৪৩১ / ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৮. উপজেলা ........................................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৯. চেয়ারম্যান, ...............................................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম
১০. জনাব ................................................................................................ নাগেশ্বরী, কুড়িগ্রাম
১১. অফিস কপি

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম